**AKASHVANI(AIR)**
**RNU:KOLKATA**
**BengaliText Bulletin**

**Date 25-11-2025 Time: 1.30 P.M.**

## বিশেষ বিশেষ খবর:-

১) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ অযোধ্যায় শ্রীরাম জন্মভূমি মন্দিরের শিখরে গৈরিক ধ্বজা উত্তোলন করে বলেছেন, এই ধ্বজা ভারতীয় সংস্কৃতির পুনর্জাগরণের প্রতীক।

অযোধ্যায় রাম মন্দির তৈরী ফলে দীর্ঘ ৫০০ বছরের প্রতীক্ষার অবসান ঘটেছে বলে তিনি উল্লেখ করেন।

২) শ্রী মোদী আজ সন্ধ্যায় হরিয়ানার কুরুক্ষেত্রে গুরু তেগ বাহাদুরজী-র সাড়ে ৩-শো তম 'শহিদী দিবস'-এর অনুষ্ঠানে যোগ দেবেন। আন্তর্জাতিক গীতা মহোৎসবেও তিনি অংশ নেবেন।

৩) প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিং জানিয়েছেন, ভারতীয় নৌ-সেনা এবং তটরক্ষী বাহিনীর প্রতিটি জাহাজ এখন দেশেই তৈরি হচ্ছে। যা আত্মনির্ভর ভারত প্রকল্পের প্রমাণ।

৪) ইথিওপিয়ায় অগ্নুৎপাতের ফলে বাতাসে ভেসে আস ছাই-এর মেঘ আজ সন্ধে নাগাদ চীনের দিকে সরে যাবে বলে আবহাওয়া দফতর জানিয়েছে। এই ছাই মেঘের ফলে দেশের বহু উড়ান বাতিল।

৫) আফগান সীমান্তের খোস প্রদেশে পাকিস্তানী বাহিনীর বোমা হামলায় ৯-টি শিশু সহ ১০ জন অসামরিক ব্যক্তি প্রাণ হারিয়েছেন।

৬) গুয়াহাটি টেস্টের চতুর্থ দিনে ভারতের বিরুদ্ধে দক্ষিণ আফ্রিকা তাদের দ্বিতীয় ইনিংসে সুবিধেজনক অবস্থায়।

oooooooooooooooooooooooooooo

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ অযোধ্যায় শ্রী রাম জন্মভূমি মন্দির পরিদর্শন করেছেন। শ্রী রাম জন্মভূমি মন্দিরের শিখরে তিনি আনুষ্ঠানিকভাবে গৈরিক ধ্বজ উত্তোলন করেছেন। মন্দির নির্মাণের কাজ সম্পূর্ণ হবার প্রতীক হিসেবে এই গেরুয়া ধ্বজ উত্তোলন। এর ফলে ভারতের জাতীয় ঐক্য ও সাংস্কৃতিক উদ্‌যাপনের এক নতুন অধ্যায়ের সূচনা হল বলে মনে করা হচ্ছে।

আকাশবাণীর সংবাদদাতা জানাচ্ছেন, শ্রী মোদী আজ সকালে অযোধ্যায় এক রোড শো-এ অংশ নেন। হাজার হাজার মানুষ শ্রী মোদীকে এক ঝলক দেখার জন্য রাস্তার দু'পাশে ভিড় করেন।

প্রধানমন্ত্রী এরপর সপ্ত মন্দিরে যান। মহর্ষি বশিষ্ট, বিশ্বামিত্র, অগস্ত, বাল্মিকী, দেবী অহল্যা, নিষাদরাজ গুহক এবং মাতা শবরী-কে নিয়ে এই এই সপ্ত মন্দির। পরে প্রধানমন্ত্রী, শ্রী রামচন্দ্রের দুর্লভ শেষাবতার মন্দির পরিদর্শন করেন। রামলালা গর্ভগৃহ দর্শন ও পূজাপাট করেন তিনি। মাতা অন্নপূর্ণার মন্দিরেও যান তিনি।

প্রধানমন্ত্রী পরে তাঁর ভাষণে অযোধায় রাম মন্দিরের তাৎপর্য বর্ণনা করে বলেন, দেশের এই উৎকর্ষ কেন্দ্রে জাতির দীর্ঘ ৫০০ বছরের অপেক্ষার অবসান ঘটেছে। এই দীর্ঘ সময়ের ক্ষত জুড়িয়ে অযোধ্যা এখন রামময়।

( বাইট-রামময়)

এই ধর্ম ধ্বজা, ভারতীয় সভ্যতার পুনুরুজ্জীবনের প্রতীক বলেও প্রধানমন্ত্রী উল্লেখ করেন।

( বাইট- মোদী )

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

গুরু তেগ বাহাদুর জী-র ৩৫০-তম 'শহিদী দিবস' উপলক্ষ্যে এক বিশেষ অনুষ্ঠণাএ যোগ দিতে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ সন্ধ্যায় কুরুক্ষেত্রে যাবেন। ৩৫০-

তম ‘শহিদী দিবস’–এর স্মরণে শ্রী মোদী একটি বিশেষ মুদ্রা এবং স্মারক ডাক টিকিট প্রকাশ করবেন। গুরু তেগ বাহাদুর জী-র সম্মানে কেন্দ্রীয় সরকার, বছর-ব্যাপী স্মরণ অনুষ্ঠানের আয়োজন করছে।

সফরকালে প্রধানমন্ত্রী নবনির্মিত পাঞ্চজন্য ভবনের উদ্বোধন করবেন। শ্রী কৃষ্ণের পবিত্র শঙ্খ পাঞ্চজন্য-র আদলে এই ভবনের নকসা তৈরী হয়েছে। পরে শ্রী মোদী শ্রীমৎ ভাগবত গীতার সঙ্গে যুক্ত ব্রহ্ম সরোবরে পুজাপাঠ করবেন।

চলতি আন্তর্জাতিক গীতা মহোৎসবের সময়কালে প্রধানমন্ত্রীর এই সফর ১৫’ই নভেম্বর থেকে শুরু হয়ে ৫’ই ডিসেম্বর পর্যন্ত কুরুক্ষেত্রে এই মহোৎসব চলবে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিং বলেছেন, ভারতীয় নৌ বাহিনী এবং তটরক্ষীবাহিনীর প্রত্যেকটি জাহাজ এখন দেশের শিপ ইয়ার্ডেই তৈরি হচ্ছে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর আত্মনির্ভর ভারত প্রকল্পের সঙ্গে সঙ্গতি রেখেই এই নির্মান কাজ। শ্রী সিং আজ নতুন দিল্লিতে সমুদ্র উতকর্ষ শীর্ষক আলোচনায় বলেন, সমুদ্র বাণিজ্যের উপর অর্থনীতির নির্ভরতা এখন অনেক বেশি। দেশের বাণিজ্যের প্রায় ৯৫ শতাংশ সমুদ্র পথেই হয়ে থাকে। এর মূল্যমান আর্থিক নিরীখে প্রায় ৭০ শতাংশ। একসঙ্গে বহু মালপত্র নিয়ে যাওয়ার সবচেয়ে ব্যয় সাশ্রয়ী ও দক্ষ ব্যবস্থা হল এই সমুদ্র বাণিজ্য।

(বাইট-রাজনাথ)

প্রতিরক্ষামন্ত্রী আরো বলেন, ভারতের জাহাজ নির্মান কেন্দ্রগুলি বিশ্ব বাণিজ্য ও সামুদ্রিক বাণিজ্যের ক্ষেত্রে গুরুত্বপূর্ন হয়ে উঠেছে। সর্বাধুনিক এই জাহাজ নির্মান কারখানাগুলিতে কারিগরি উতকর্ষ এবং সর্বোচ্চ শিল্পমান জায় রাখার সংস্থান রয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

দেশ জুড়ে আগামীকাল সংবিধান দিবস উদযাপিত হবে। এবছর দিনটি পালনের মূল ভাবনা 'আমাদের সংবিধান-আমাদের গর্ব'। মূল অনুষ্ঠানটি হবে নতুন দিল্লির সংবিধান সদনের সেন্ট্রাল হলে। রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু, উপরাষ্ট্রপতি সি পি রাধাকৃষ্ণন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, লোকসভার অধ্যক্ষ ওম বিরলা, কেন্দ্রীয় মন্ত্রীসভার সদস্যরা অনুষ্ঠানে অংশ নেবেন।

সামাজিক মাধ্যমে এক পোস্টে, সংসদীয় বিষয়ক মন্ত্রী কিরেন রিজিজু, ২৬শে নভেম্বরকে সংবিধান দিবস হিসেবে ঘোষণা করার জন্য প্রধানমন্ত্রীর প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেছেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ৩০ শে নভেম্বর (রবিবার) আকাশবাণীতে "মন-কি-বাত" অনুষ্ঠানে তাঁর চিন্তাভাবনা দেশ-বিদেশের মানুষের সঙ্গে ভাগ করে নেবেন। এটি হবে মাসিক এই বেতার অনুষ্ঠানের ১২৮-তম পর্ব।

বেলা ১১-টা থেকে আকাশবাণী এবং দূরদর্শনের সবকটি চ্যানেল এবং আকাশবাণীর নিউজ অন এ.আই.আর. ওয়েবসাইট, মোবাইল অ্যাপ, প্রধানমন্ত্রীর দফতর, তথ্য ও সম্প্রচারমন্ত্রকের ওয়েবসাইট ও ইউটিউব চ্যানেলেও "মন-কি-বাত" সম্প্রচারিত হবে।

হিন্দিতে এই অনুষ্ঠান সম্প্রচারিত হবার পরেই আঞ্চলিক ভাষায় এর তর্জমা শোনা যাবে।

নিঃশুল্ক নম্বর ১৮০০-১১-৭৮০০ নম্বরে ম্যাসেজ করে কিংবা মাই গভ বা নমো অ্যাপে মতামত জানানো যাবে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

ভারতীয় আবহাওয়া দপ্তর IMD জানিয়েছে, ইথিওপিয়ায় অগ্নুৎপাতের ফলে ছাই-এর মেঘ আজ সন্ধ্যে নাগাদ ভারতের আকাশ থেকে চীনের দিকে সরে যেতে পারে। আবহাওয়া দপ্তরের মহা নির্দেশক মৃত্যুঞ্জয় মহাপাত্র আকাশবাণী সংবাদকে জানিয়েছেন

যে, এই ছাই-এর মেঘের ফলে বিমান চলাচলের ওপরেই শুধুমাত্র প্রভাব পড়বে। আবহাওয়া কিংবা বাতাসের গুণমানের ওপর তার কোনো প্রতিকূল প্রভাব পড়বে না।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

কেন্দ্রীয় অর্থ মন্ত্রক জানিয়েছে, জাতীয় পেনশন ব্যবস্থা এনপিএসের আওতায় যোগ্য কর্মচারী ও অবসরভোগীদের অভিন্ন পেনশন যোজনা ইউপিএসে নাম লেখানোর শেষ তারিখ আগামী ৩০শে নভেম্বর। নির্দিষ্ট সময়সীমা এগিয়ে আসায় এনপিএসের সঙ্গে যুক্ত সবাইকে ওই নির্দিষ্ট সময়ের মধ্যে যথাযথভাবে পূরণ করা আবেদনপত্র সংশ্লিষ্ট নোডাল অফিসের মাধ্যমে অথবা অনলাইনে সিআরএ ব্যবস্থার মাধ্যমে জমা করতে বলা হয়েছে। নোডাল অফিস তাদের সব আবেদন পত্র নির্ধারিত পদ্ধতি মেনে প্রক্রিয়াকরণ করবে। ইউপিএস-এর আওতায় এনে এনপিএসের সুবিধাপ্রাপকরা কর ছাড়, ইস্তফা ও বাধ্যতামূলক অবসর সহ অন্যান্য সুবিধা ভোগ করতে পারবেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

নতুন শ্রম বিধি রূপায়িত হলে অর্থ নীতি আরো জোরদার হবে এবং বেকারি'ও কমবে বলে স্টেট ব্যাংক অফ ইন্ডিয়ার এক রিপোর্টে উল্লেখ করা হয়েছে। এতে বলা হয়েছে, নতুন শ্রম কোড এক দশমিক তিন শতাংশ পর্যন্ত বেকারত্বের হার কমাতে সক্ষম এবং এতে ৭৭ লক্ষ অতিরিক্ত কর্ম সংস্থান সৃষ্টি হবে।

রিপোর্টে বলা হয়েছে এমাসের ২১ তারিখ থেকে চালু হওয়া নতুন শ্রম বিধির ফলে দেশের শ্রম শক্তিতে সরকারিভাবে ১৫ শতাংশ কম করে যুক্ত হবে। এতে বর্তমানের ষাট দশমিক চার শতাংশ থেকে মোট কর্মী সংখ্যার অনুপাত বেড়ে ৭৫ দশমিক পাঁচ শতাংশ হবে। সামাজিক ক্ষেত্রে এই হার ৮৫ শতাংশ হতে পারে বলে রিপোর্টে উল্লেখ করা হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ-CSIR এবং ভারতীয় চিকিৎসা গবেষণা পরিষদ ICMR, আজ নতুন দিল্লিতে এক উচ্চ পর্যায়ের বৈঠকে বসে। বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রক জানিয়েছে, যৌথ স্বাস্থ্য গবেষণার সুসংহত দিশা নির্দেশ স্থির করতে চলতি আলোচনা প্রক্রিয়াকে আরো জোরদার করাই, আজকের এই বৈঠকের লক্ষ্য। অভিন্ন স্বাস্থ্য মিশনের মাধ্যমে যৌথ প্রয়াসকে জোরদার করার বিষয়ে দুটি সংস্থা একমত হয়েছে এবং বর্জ্য জলের ওপর নজরদারি বাড়ানোর প্রয়োজনীয়তার কথা'ও স্বীকার করেছে।

CSIR-এর মহা নির্দেশক ডক্টর এন কালাইসেলভি এবং ICMR-এর মহানির্দেশক ডক্টর রাজীব বহেল, বৈঠকে উপস্থিত ছিলেন।

ooooooooooooooooooooooooo

এখন আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসবের খবর-

ইনসার্ট

৫৬তম আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসব ২০২৫-এ কিংবদন্তি অভিনেতা ধর্মেন্দ্রর প্রয়ানে সমস্ত চলচ্চিত্র নির্মাতা, অভিনেতা, প্রযোজকরা শ্রদ্ধাজ্ঞাপন করেছেন। IFFI-এর আয়োজক সংস্থা 'এন্টারটেইনমেন্ট সোসাইটি অফ গোয়া' (ESG) ধর্মেন্দ্র স্মরণে গতকাল আলোচনা সভা, সেমিনার ইত্যাদি মঞ্চের অনুষ্ঠানগুলি বাতিল করেছিল। তবে চলচ্চিত্র প্রদর্শনী নির্ধারিত সময়সূচী অনুযায়ী দেখানো হয়েছে।

আজকের উদ্বোধনী ছবিগুলি হলো 'দ্য জ্যানিটর' এবং 'ড্রিমস'। এছাড়াও আজ 'খোয়া পায়া', 'ব্যালেন্স', 'মাই ফাদার'স শ্যাডো' সিনেমাগুলি প্রদর্শিত হবে।

ইনসার্ট

ooooooooooooooooooooooooooo

আফগানিস্তানের খোস্ত প্রদেশের একটি বসতি এলাকায় পাকিস্তানি বাহিনীর বিমান হামলায় নয় শিশুসহ দশজন নাগরিক নিহত হয়েছেন। আফগান সরকারের মতে, মধ্যরাতের কিছুক্ষণ পরেই স্থানীয় বাসিন্দাদের বাড়িতে হামলা চালানো হয়।

আফগানিস্তান সরকারের মুখপাত্র জাবিউল্লাহ মুজাহিদ জানিয়েছেন, গত মধ্যরাতে খোস্তের গুরবুজ জেলার মুঘলগাই এলাকায় এই হামলা চালানো হয়। তিনি বলেন, পাকিস্তানি হানাদার বাহিনী অসামরিক আবাসিক এলাকার ওপর বোমা বর্ষণ করলে ন'টি বাচ্চা ও এক মহিলা প্রাণ হারান। খোস্ত-এর ওপর এই সর্বশেষ হামলায় উত্তেজনাপ্রবণ পাক-আফগান সীমান্ত এলাকায় নতুন করে অশান্তি ছড়িয়ে পড়ার আশঙ্কা দেখা দিয়েছে। এর আগে গত অক্টোবর মাসে পাক বাহিনী কাবুল, খোস্ত, জালালাবাদ এবং পাখতিয়া অঞ্চলের ওপর বিমান হামলা চালায়। আফগান-তালিবানদের হামলার পাল্টা ব্যবস্থা হিসেবে তাদের লক্ষ্য করেই পাক বাহিনীর এই বিমান আক্রমণ বলে মনে করা হচ্ছে।

oooooooooooooooooooooooooo

গুয়াহাটির বর্ষাপাড়া স্টেডিয়ামে ভারত ও দক্ষিণ আফ্রিকার মধ্যে দ্বিতীয় টেস্টের চতুর্থ দিনে আজ দক্ষিণ আফ্রিকা দ্বিতীয় ইনিংসে ব্যাট করছে। মধ্যাহ্নভোজের বিরতিতে তারা ৪ উইকেটে ২২০ রান করেছে।

ooooooooooooooooooooooooooo

oooooooooooooooooooooooooo